কোর্টে যাওয়া –
আপনার জন্য তথ্য

Bengali

হোম অফিস কমিউনিকেশন ডাইরেক্টরেট কর্তৃক 2004 সালে মার্চ মাসে প্রকাশিত
Home Office Communication Directorate

বিষয়বস্তু

আপনাকে একটি অপরাধের জন্য অভিযুক্ত করা হয়েছে, এবং এখন কোর্টে যেতে হবে। এই লিফলেটটি আপনাকে পরবর্তীতে কি হবে, সে বিষয়ে প্রস্তুতি নিতে সাহায্য করবে। এটি নিম্নলিখিত বিষয়গুলোর ওপর তথ্য প্রদান করে:

01 আপনার বর্তমান অবস্থান

02 কিভাবে একজন সলিসিটার বা আইনজীবী খুঁজে পাবেন

03 আপনি যদি কোর্টে হাজির না হন তবে কি হবে

04 আপনি যদি কোর্টে যেতে সক্ষম না হন তবে কি হবে

05 কোর্টে যাওয়ার আগে আপনার কি করার প্রয়োজন হবে

06 কোর্টে উপস্থিত হওয়ার পর

07 বিভিন্ন ধরণের কোর্ট এবং এখানে কে কোন্ ব্যক্তি

08 কোর্টের প্রক্রিয়া

09 আরো তথ্য

10 অ্যাপয়েন্টমেন্ট বা পূর্ব নির্ধারিত সাক্ষাতের ডাইরী

11 যোগাযোগের বৃত্তান্ত

এ ছাড়াও পেছনের কভারের ফোল্ডার সেকশনে স্থানীয় বিষয়ক তথ্য এবং আপনার জন্য নির্দিষ্টকৃত যে কোন তথ্যমূলক বৃত্তান্ত প্রদান করা হয়েছে।

০। আপনার বর্তমান অবস্থান

- পুলিশ আপনার বিরুদ্ধে একটি অপরাধের অভিযোগ এনেছে এবং আপনাকে যে অপরাধের জন্য অভিযুক্ত করা হয়েছে, তার বিস্তারিত প্রদান করে একটি চার্জ শীট বা অভিযোগপত্র প্রদান করেছে।
- আপনি হয়তো পুলিশের বেইল লাভ করেছেন অথবা, বেইল যদি প্রত্যাখান করা হয় তাহলে, কোর্টে আপনার প্রথম হাজিরার পূর্ব পর্যন্ত আপনাকে হাজতে (কাস্টডিতে) রাখা হবে।
- আপনার বেইলের কাগজে, আপনাকে কোর্টে আসার জন্য একটি স্থানের নাম, তারিখ এবং সময় প্রদান করা হবে। এটি হয়তো অনেকগুলো কোর্ট হাজিরার প্রথম একটি হতে পারে, এগুলো একই কোর্ট বিল্ডিং-এ হতে হবে, এমন কোন কথা নেই।
- আপনার একজন সলিসিটারের (যিনি একজন আইনজীবী হিসেবেও পরিচিত) সাথে কথা বলার অধিকার রয়েছে, যিনি এই প্রক্রিয়া চলাকালিন সময়ে কি ঘটছে সে বিষয়ে আপনাকে পরামর্শ প্রদান করবেন।

02 কিভাবে একজন সলিসিটার বা আইনজীবী খুঁজে পাবেন

একজন সলিসিটার আপনার জন্য অত্যন্ত উপকারী হবেন, কারণ তারা নিম্নলিখিত কাজগুলো করতে সক্ষম হবেন:

- কি ঘটছে তা বুঝতে এবং আপনাকে কিসের দায়ে অভিযুক্ত করা হয়েছে তা বুঝতে সাহায্য করবেন,
- কোর্টে কি ঘটবে সে বিষয়ে, এবং আপনাকে কি করতে হবে সে বিষয়ে আপনাকে বলবেন,
- বোঝার জন্য কষ্টকর হতে পারে, এই ধরনের লিগ্যাল টার্ম আইনী ভাষা বুঝিয়ে থাকবেন;
- নিজেকে দোষী অথবা নির্দোষ বলে ঘোষনা করার বিষয়ে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করবেন;
- আপনার পক্ষে কথা বলবেন এবং আপনার আত্মপক্ষ সমর্থনকারী বিষয়াদি উপস্থাপন করবেন (ম্যাজিস্ট্রেট কোর্টের কেইস বা মামলাগুলোর ক্ষেত্রে, আপনার সলিসিটার সাধারণতঃ আপনার প্রতিনিধিত্ব করে থাকবেন। ক্রাউন কোর্টের কেসগুলোর ক্ষেত্রে, আপনার সলিসিটার আপনাকে প্রতিনিধিত্ব করার জন্য একজন অ্যাডভোকেট খুঁজে বের করবেন। অ্যাডভোকেটরা হলেন বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত কোর্ট লইয়ার বা আইনজীবী, যারা সলিসিটারও হতে পারেন অথবা ব্যারিস্টারও হতে পারেন);
- কোর্ট কর্তৃক গৃহিত বেইল কন্ডিশন বা জামিনের শর্তাবলী অথবা সিদ্ধান্তসমূহ ব্যাখ্যা করবেন, যা আপনার সাথে সম্পর্কযুক্ত অথবা আপনাকে প্রভাবিত করবে;
- আপনি বিনামূল্যে একজন সলিসিটার পেতে পারেন কি না সে বিষয়ে আপনাকে পরামর্শ প্রদান করবেন, এবং ফান্ডিং বা সরকারের কাছ থেকে মামলার খরচ লাভের জন্য আপনাকে সাহায্য করবেন।

এটা হয়তো আপনার বেইলের একটি শর্ত হিসেবে আপনাকে একজন সলিসিটারের সাথে দেখা করতে হতে পারে, এবং যদি তাই হয়, তবে আপনি যদি শর্ত অনুযায়ী সলিসিটারের সাথে দেখা না করেন, তাহলে আপনার আপনার বেইল বাতিল করে আপনাকে গ্রেফতার করা হতে পারে।

কি করে একজন সলিসিটার খুঁজে পাবেন

আপনাকে যখন গ্রেফতার করা করা হয়েছিল, পুলিশ তখন আপনাকে একজন লিগ্যাল রিপ্রেজেন্টেটিভ বা আইনী প্রতিনিধি অথবা একজন ডিউটি সলিসিটার বা কর্তব্যরত সলিসিটারের বিস্তারিত তথ্য দিয়ে থাকবে। এই সার্ভিস বা সেবা ব্যবস্থাটি বিনামূল্যে প্রদান করা হয় এবং এটি নিরপেক্ষ – এই ব্যক্তিটি পুলিশের সাথে সম্পর্কযুক্ত নন। আপনি যখন পুলিশ স্টেশনে অবস্থান করবেন, তখন তারা আপনার সাথে ফোনে কথা বলতে অথবা ব্যক্তিগতভাবে কথা বলতে সক্ষম হবেন, এবং কোর্ট প্রক্রিয়া চলাকালিন সময়ে তারা প্রায় ক্ষেত্রেই আপনার প্রতিনিধিত্ব করতে পারবেন।

অথবা আপনি নিজে আপনার সলিসিটার বেছে নিতে পারেন। আপনার বন্ধু অথবা পরিবারের সদস্যরা হয়তো আপনাকে একজন সলিসিটারের নাম প্রদান করতে পারেন, যাকে তারা ব্যবহার করেছেন, অথবা আপনি এদের একটি তালিকা আপনার স্থানীয় সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরো অথবা 0845 608 1122 নাম্বারে ফোন করে লিগ্যাল সার্ভিস কমিশন থেকে অথবা www.justask.org.uk ওয়েবসাইট পরিদর্শন করে পেতে পারেন।

আপনি যদি আপনার কোর্টে আপনার প্রথম উপস্থিতির পূর্বে একজন সলিসিটারের সাথে কথা বলে না থাকেন, তবে আপনি কোর্টে একজন ডিউটি সলিসিটারের সাথে কথা বলতে পারেন। তারা কোর্টে আপনার প্রতিনিধিত্ব করতে পারেন, অথবা যেখানে প্রযোজ্য সেখানে আপনাকে পরামর্শ এবং সাহায্য করতে পারেন।

আপনাকে কি এর জন্য খরচ দিতে হবে?

আপনাকে হয়তো আপনার সলিসিটারের খরচ প্রদান করতে হতে পারে অথবা আপনার সলিসিটরের খরচ সরকারের পক্ষ থেকে দেয়া হতে পারে। আপনি বিনামুল্যে পরামর্শ এবং প্রতিনিধিত্বের জন্য আবেদন করতে পারবেন কি না, সে বিষয়ে আরো তথ্যের জন্য 'ক্রিমিনাল ডিফেন্স সার্ভিসেস্ অ্যাট দি পুলিশ স্টেশন এন্ড ইন দি কোর্ট' লিফলেটটি পড় ন। এই লিফলেটটি হয়তো ফোল্ডার সেকশনে থাকতে পারে অথবা এ বিষয়ে আরো তথ্যের জন্য আপনার সলিসিটারকে জিজ্ঞাসা করুন।

03 আপনি যদি কোর্টে হাজির না হন তবে কি হবে

!	**আপনি যাই করেন না কেন, নিশ্চিত করুন যে আপনি কোর্টে হাজির হচ্ছেন এবং আপনি যদি মনে করেন যে এটি করতে কোন সমস্যা থাকতে পারে, তবে আপনার সলিসিটার অথবা কোর্টকে বলুন।**

কোর্ট সিদ্ধান্ত নিয়ে থাকে যে আপনি অভিযোগটির জন্য দোষী কি না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, আপনাকে যখনই কোর্টে যেতে বলা হবে আপনি সেই সময় অনুযায়ী কোর্টে যান।

কোর্টে হাজির হতে ব্যর্থ হওয়া (যুক্তিসংগত কোন কারণ ছাড়াই) একটি শাস্তিযোগ্য অপরাধ। এর জন্য আপনাকে 12 মাস পর্যন্ত কারাদন্ড দেয়া হতে পারে।

কোর্টে হাজির না হলে তা প্রত্যেকের সময় নষ্ট করে – কোর্ট, পুলিশ, সাক্ষী, অপরাধের শিকার ব্যক্তি এবং সলিসিটারের– এবং এই কারণেই কোর্ট বিষয়টি গুরুত্ব সহকারে গ্রহণ করেন।

আপনি যদি কোর্টে হাজির না হন এবং হিয়ারিং বা শুনানীর পূর্বে কোর্টকে একটি যুক্তিসংগত কারণ না দেখিয়ে থাকেন, তবে নিম্নলিখিত বিষয়গুলো ঘটবার জোর সম্ভাবনা রয়েছে।

- আপনাকে **তাৎক্ষনিক গ্রেফতারের** একটি ওয়ারেন্ট বা গ্রেফতারী পরোয়ানা জারী করা হবে এবং আপনাকে কোর্টে হাজিরা দেয়ার জন্য পুলিশী হেফাজতে রাখা হবে।
- আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের উপর ভিত্তি করে, আপনার কেসটির **শুনানী আপনার বিনা** হাজিরাতেই অনুষ্ঠিত হতে পারে – তাহলে আপনি আপনার আত্মপক্ষ সমর্থনের সুযোগ পাবেন না।
- আপনার বিরুদ্ধে **'হাজির হতে ব্যর্থ হওয়ার অতিরিক্ত অপরাধের'** অভিযোগ আনা হবে। আপনি যদি মূল অভিযোগের দায়ে অভিযুক্ত নাও হন তার পরও, ক্রাউন কোর্টে **এই অপরাধের সর্ব্বোচ্চ শাস্তি হলো 12 মাসের কারাদন্ড** এবং ম্যাজিস্ট্রেট কোর্টে এটি তিন মাস। আপনাকে যদি উভয় অভিযোগের জন্য দোষী সাব্যস্ত করা হয়, তাহলে আপনি আরও মারাত্মক শাস্তি পেতে পারেন।
- 'হাজির হতে ব্যর্থ হওয়ার' একটি কনভিক্‌শন্ বা দোষী সাব্যস্ততা, **আপনার ক্রিমিনাল রেকর্ড বা অপরাধের** নথিতে সংযুক্ত হবে এবং আপনাকে বেইল প্রদান করা হবে কি না, সেই সংক্রান্ত ভবিষ্যত সিদ্ধান্তগুলোকে তা প্রভাবিত করবে।
- আপনার **বিচার হওয়ার পূর্ব পর্যন্ত আপনাকে হয়তো রিমান্ডেড ইন কাস্টডি বা আদালত থেকে পুলিশী হেফাজতে** প্রেরণ করা হবে।
- আপনি হয়তো **সেনটেন্স ডিসকান্টস্ বা কম সাজা পাওয়ার সুযোগ থেকে বঞ্চিত** হতে পারেন। আপনি যদি আদালতে নিজের দোষ স্বীকার করতে চান, তাহলে মামলার প্রাথমিক পর্যায়েই এটা করে নিলে, আপনার সাজা কম হওয়ার সম্ভবনা বেশী থাকবে। নিজেকে দোষী স্বীকার করার সুযোগ লাভ করতে ব্যর্থ হওয়ার মাধ্যমে, আপনি নিজেকে এই সুযোগ থেকে বঞ্চিত করতে পারেন।

যদিও আপনি কোর্টে যান এবং কোন কারণে কোর্টপ্রাঙ্গণ ত্যাগ করেন, এবং আপনার কেইস যখন ডাকা করা হবে তখন যদি হাজির হতে ব্যর্থ হন, তবে কোর্ট একই পদক্ষেপ নিবে।

04 আপনি যদি কোর্টে যেতে সক্ষম না হন তবে কি হবে

- জরুরী কোন বিষয়ের ক্ষেত্রে, আপনার যে কোর্টে হাজির হওয়ার কথা, আপনি অবশ্যই সেই কোর্টের সাথে যোগাযোগ করবেন (এবং আপনার যদি কোন সলিসিটার থেকে থাকে তবে তার সংগে)। যদি সম্ভব হয় তবে, শুনানীর তারিখের পূর্বে, যত দ্রুত সম্ভব এটি করে নিন।
- আপনি যদি স্বাস্থ্য সংক্রান্ত কারণে কোর্টে যেতে না পারেন, তবে আপনার জিপি অথবা হসপিটালের ডাক্তারের কাছ থেকে আপনাকে একটি মেডিক্যাল সার্টিফিকেট নিতে হবে। এতে উল্লেখ থাকতে হবে যে, আপনার শারীরিক অবস্থা কোর্টে যাওয়ার পক্ষে অনুকুল নয়।
- আপনার কোর্টে হাজির হতে ব্যর্থতার কারণগুলো কোর্ট বিবেচনা করবেন। আপনি কোর্টকে যত বেশী সম্ভব তথ্যাবলী প্রদান করবেন, যাতে প্রমাণ করা যায় যে আপনার কোর্টে হাজির না হওয়ার বিষয়টি ছিল অপ্রতিরোধ্য।
- **আপনি যদি কোর্টে যেতে না পারেন, তবে যত দ্রুত সম্ভব কোর্টে অথবা একটি পুলিশ স্টেশনে যান। কোর্টে হাজির না হওয়ার জন্য আপনার হয়তো একটি যুক্তিসংগত কারণ থাকতে পারে, কিন্তু কোর্টে যেতে সক্ষম হওয়ার পর যত দ্রুত সম্ভব কোর্টে না গেলে এটি একটি অপরাধ বলে গন্য হবে।**

05 কোর্টে যাওয়ার আগে আপনার কি করার প্রয়োজন হবে

- নিশ্চিত করুন যে, আপনি কোন কোর্টে যাবেন, তা আপনি জানেন। আপনি এর আগে যেখানে গিয়েছেন, এটা একই কোর্টরুম নাও হতে পারে।
- কিভাবে কোর্টে যেতে হবে, আপনি যে তা জানেন তা নিশ্চিত করুন। আপনি কোর্টে ফোন করতে পারেন, যাদের ফোন নাম্বার আপনার লোকাল ফোন বুকে লিখিত থাকবে, এবং তারা আপনি কোন্ পাবলিক ট্রান্সপোর্ট ব্যবহার করতে, সে বিষয়ে নির্দেশনা এবং তথ্য প্রদান করতে সক্ষম হবেন। আপনার সলিসিটার আপনাকে নির্দেশনা প্রদান করতে সক্ষম হবেন।
- প্রচুর সময় হাতে নিয়ে সেখানে যান। সেখানে যেতে কি পরিমাণ সময় লাগবে সে বিষয়ে আপনি যদি নিশ্চিত না হন, তবে কোর্টে তারিখের আগে সে কোর্টে একবার গিয়ে কত সময় লাগে তা যাচাই করে নেবেন। আপনি যদি বাস অথবা ট্রেইন ব্যবহার করেন, নিশ্চিত করুন যে আপনি সেগুলোর সময়সূচী জানেন, এবং আপনার কাছে ভাড়ার টাকা আছে কি না তা দেখুন, এবং বের হওয়ার পূর্বে নিশ্চিত করুন যে, টিকিট ক্রয় করার জন্য আপনার কাছে পর্যাপ্ত অর্থ রয়েছে।
- কি ঘটছে তা বুঝতে এবং কি ঘটতে পারে বলে আপনি আশা করতে পারেন, সে বিষয়ে সাহায্য করার জন্য, একজন সলিসিটারের সাথে কথা বলুন।

06 কোর্টে উপস্থিত হওয়ার পর

- আপনাকে এখানে কোথায় যেতে হবে তা খুঁজে পেতে সাহায্য করার জন্য আপনি এখানে পরিষ্কার সাইন বা দিক-নির্দেশনা চিহ্ন দেখতে পারেন। আপনি যে এসেছেন তা কাউকে জানান। রিশেপশনিস্ট বা অভ্যর্থনকারী অথবা আশার (এই ব্যক্তিটি কোর্টে লোকজন এসেছেন কি না, তা মিলিয়ে দেখেন এবং তাদেরকে কোথায় যেতে হবে তা দেখিয়ে দেয়ার দায়িত্বে থাকেন) আপনার নাম প্রদান করুন। কেইসগুলো 'আর (R) বনাম বিবাদী' আকারে অভিযুক্ত ব্যক্তির (ইনি বিবাদী হিসেবেও পরিচিত) সারনেম বা পারিবারিক নামের অধীনে তালিকাবদ্ধ থাকে। রেইজিনা বা রাণীকে বোঝানোর জন্য R ব্যবহার করা হয়ে থাকে, যার অর্থ হলো আপনার মামলার বাদী হলো ক্রাউন।
- কোন্ কোর্টরুমে আপনার মামলার শুনানী হবে তা এবং আপনাকে কোথায় অপেক্ষা করতে হবে তা রিশেপশনিস্ট বা আশার আপনাকে দেখিয়ে থাকবেন। আপনার কেসটির শুনানী কখন অনুষ্ঠিত হবে, তাও তারা আপনাকে বলে দেবেন।
- একজন সলিসিটার যদি আপনাকে প্রতিনিধিত্ব করে থাকেন, তবে আপনি কোর্টে তাদের সাথে দেখা করার আয়োজন করবেন। তারা আপনাকে আপনার কেইসের ব্যাপারে চূড়ান্ত পরামর্শ প্রদান করতে সক্ষম হবেন। আপনার সলিসিটারের সাথে আপনি যাতে কথা বলতে পারেন, সে জন্য কোন কোন কোর্টে, কোর্টের ভেতরে প্রাইভেট বা ব্যক্তিগত এলাকা স্থাপন করা হয়।

  আপনার যদি একজন সলিসিটার না থেকে থাকে, তবে কোর্টে একজন ডিউটি সলিসিটার থাকবেন, যার সাথে আপনি কথা বলতে পারবেন।

- আপনার কেইস শুরু হওয়ার আগে আপনার যদি অপেক্ষা করার মতো কিছু সময় থাকে, তবে আপনি ওয়েটিং এরিয়া বা অপেক্ষা করার এলাকায় অথবা কোর্টরুমের পাবলিক গ্যালারীতে বসতে পারেন এবং অন্যান্য কেইসগুলো শুনতে পারেন। আপনি যদি এটি করে থাকেন, তবে আপনি কোথায় যাচ্ছেন তা আশারকে বলে যাবেন।
- আপনি হয়তো সেই লোকগুলোকে ডাকতে দেখবেন যারা আপনার জন্য অথবা আপনার বিরুদ্ধে সাক্ষ্য প্রদান করবেন। আপনি এবং আপনার পরিবারের সদস্য এবং বন্ধুদের কেউ অবশ্যই বাদী বা অভিযোগকারীর সাক্ষীদের প্রতি এগিয়ে যাবেন না বা নিকটবর্তী হবেন না, কারণ এটি ভীতিপ্রদর্শন (আপনি তাদের ওপর চাপ প্রয়োগ করছেন, তাদেরকে ভয় দেখাচ্ছেন, অথবা তারা কোর্টে হয়তো যা বলতে পারে তার ওপর প্রভাব বিস্তারের চেষ্টা করতে পারেন) হিসেবে দেখা হতে পারে। সাক্ষীকে ভীতি প্রদর্শন একটি অত্যন্ত মারাত্মক অপরাধ এবং এটি হয়তো আপনার মামলারও ক্ষতি করতে পারে।
- আপনি কোর্ট ত্যাগ করবেন না কারণ এটি একটি অপরাধ করা হতে পারে, কিন্তু আপনার যদি কোন কারণে তা করতে হয়, তবে আপনি অবশ্যই তা আশারকে বলবেন। আপনি কোথায় যাচ্ছেন তা, এবং আপনার যদি কোর্টে ফিরে আসার প্রয়োজন হয় তবে আপনার সাথে কিভাবে যোগাযোগ করা যাবে তা আপনি তাদেরকে বলবেন।

07 বিভিন্ন ধরণের কোর্ট এবং এখানে কে কোন্ ব্যক্তি

তিন ধরণের কোর্ট রয়েছে যেখানে আপনাকে ডাকা হতে পারে।

- **ম্যাজিস্ট্রেট কোর্ট**
- **ক্রাউন কোর্ট**
- **ইয়ুথ কোর্ট (যা একটি ম্যাজিস্ট্রেট কোর্টে অনুষ্ঠিত হয়ে থাকে)**

কোর্টে কারা রয়েছেন এবং এটি কিভাবে গঠন করা হয়েছে, তা নির্ভর করে শুনানীটির ধরনের ওপর। প্রথম শুনানীর জন্য, কেবলমাত্র ম্যাজিস্ট্রেট, আপনি, বিবাদী এবং বাদীর আইনজীবীদের থাকার সম্ভাবনাই বেশী। আপনার কেইসটির যদি বিচার করা হয় তবে সেখানে হয়তো জুরী এবং সাক্ষীগণ থাকতে পারেন।

একজন কোর্ট ক্লার্ক অথবা লিগ্যাল অ্যাডভাইজার সেখানে উপস্থিত থাকবেন। তারা নিশ্চিত করেন যে, যাদের কোর্টে উপস্থিত থাকার কথা ছিল তারা উপস্থিত রয়েছেন, এবং যা ঘটার কথা ছিল তা সঠিক সময়ে এবং সঠিক পর্যায়ক্রম অনুসারে ঘটছে। এছাড়াও তিনি অন্যান্য মামলাগুলোতে কি ঘটেছে তা রেকর্ড বা নথিপত্রে দেখতে পারেন এবং, ম্যাজিস্ট্রেট কোর্টে, আইনী বিষয়ে পরামর্শ প্রদান করতে পারেন।

অন্যান্য লোকজন যাদেরকে আপনি হয়তো দেখতে পারেন, তার ভেতরে অর্ন্তভুক্ত রয়েছেন পুলিশ অফিসার, প্রবেশন অফিসার, প্রিজন অফিসার বা কারা কর্মকর্তা এবং সাংবাদিকবৃন্দ। ইয়ুথ কোর্টের ক্ষেত্রে, সেখানে হয়তো ইয়ুথ অফেন্ডিং টিমস্-এর সদস্যগণ উপস্থিত থাকতে পারেন।

ম্যাজিস্ট্রেট এবং ক্রাউন কোর্ট সাধারণতঃ জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে, যার ভেতরে কেসের সাথে সম্পর্কযুক্ত ব্যক্তিদের বন্ধু এবং আত্মীয়গণ অন্তর্ভুক্ত থাকেন, এবং প্রায়ই সেখানে জনসাধারণের বসবার জন্য একটি অংশ থাকে। ইয়ুথ কোর্টের ক্ষেত্রে, কোর্ট কর্মকর্তাগণ যাদেরকে আসবার জন্য বলে থাকেন, কেবলমাত্র সেই সকল ব্যক্তিদেরকেই সেখানে থাকতে দেয়া হয়।

ম্যাজিস্ট্রেট কোর্ট

অধিকাংশ ফৌজদারী মামলা যেগুলো কোর্টে এসে থাকে, সেগুলোর বিচার ম্যাজিস্ট্রেট কোর্টে হয়ে থাকে। সেখানে হয়তো একজন, দুইজন অথবা তিনজন ম্যাজিস্ট্রেট (কোন কোন সময় এদের জাস্টিস অব পিস্ বা জেপি বলা হয়ে থাকে) থাকতে পারেন। এরা হচ্ছেন সেই সকল ব্যক্তি যারা আপনার কেইসটির শুনানী গ্রহণ করে থাকেন এবং সিদ্ধান্ত নিয়ে থাকেন যে, আপনার বিরুদ্ধে যে অভিযোগটি আনা হয়েছে আপনি তার জন্য অপরাধী না নিরপরাধী।



সংকেত **A** সাক্ষী **B** ম্যাজিস্ট্রেট **C** কোর্টের ক্লার্ক
D বাদী এবং বিবাদী পক্ষের আইনজীবীগণ
E কোর্টের আশার **F** বিবাদী **G** অন্যান্য

ক্রাউন কোর্ট

আপনাকে যদি অত্যন্ত মারাত্মক কোন অপরাধের জন্য অভিযুক্ত করা হয়ে থাকে এবং একটি জুরী কর্তৃক আপনার বিচার অনুষ্ঠিত হতে হয়, অথবা আপনাকে যদি কারাদন্ডের আদেশ প্রদান করা হয়, তবে হয়তো আপনার কেইসের শুনানী ক্রাউন কোর্টে অনুষ্ঠিত হতে পারে। একটি ক্রাউন কোর্টের শুনানী একজন জাজ বা বিচারপতি এবং জুরীর সামনে অনুষ্ঠিত হয়ে থাকে।



সংকেত A সাক্ষী B বিচারপতি C কোর্টের ক্লার্ক
D বাদী এবং বিবাদী পক্ষের আইনজীবীগণ
E জুরীর সদস্যগণ F বিবাদী

ইয়ুথ কোর্ট

যে সকল কেসের বিবাদীর বয়স 10 থেকে 17 বৎসরের মধ্যে হয়ে থাকে, সেই সকল কেইসগুলো প্রধানত বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটদের দ্বারা এবং কোন জুরী ব্যাতিত পরিচালিত হয়ে থাকে।

www.rizer.co.uk পরিদর্শনের মাধ্যমে আপনি ইয়ুথ কোর্ট এবং যুবক-যুবতীদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদির ওপর আরো তথ্য পেতে পারেন।



সংকেত A সাক্ষী B ম্যাজিস্ট্রেট C কোর্টের ক্লার্ক
D বাদী এবং বিবাদী পক্ষের আইনজীবীগণ E বিবাদী
F পিতা/মাতা G ইয়ুথ অফেন্ডিং টিম ওয়ার্কার H আশার

08 কোর্টের প্রক্রিয়া

কোর্টে, আপনাকে একজন বিবাদী হিসেবে গণ্য করা হবে। এটি অভিযুক্ত-এর অপর একটি শব্দ, এবং এর অর্থ হলো, আপনার বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তার বিরুদ্ধে আপনার পক্ষ সমর্থন করবেন। আপনার সলিসিটার একজন বিবাদী সলিসিটার হিসেবে পরিচিত হবেন।

অন্য পক্ষ হলো বাদী। সাধারণত এটি হলো ক্রাউন প্রসিকিউশন সার্ভিস, যারা পুলিশ থেকে আলাদা, এবং অপরাধ সংক্রান্ত মামলা পরিচালনা করে থাকেন।

কোর্টের প্রক্রিয়ার কয়েকটি পর্যায় রয়েছে।

দোষী অথবা নির্দোষী ঘোষনা করা

আপনি যখন প্রথম কোর্টে উপস্থিত হবেন, তখন আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ বা অভিযোগগুলোর ক্ষেত্রে আপনি দোষী না নির্দোষী তা জিজ্ঞেস করা হয়। আপনি নিজেকে হয় দোষী অথবা নির্দেষী হিসেবে ঞোষনা করবেন।

আপনি যদি নিজের দোষ স্বীকার করে নেন, তবে আপনাকে শাস্তি প্রদান করা হবে। (সেন্টেন্সিং বা শাস্তি প্রদান অংশ দেখুন)

আপনি যদি নিজেকে নির্দোষ ঘোষনা করেন, তবে সেই দিন কেইসটি আর শনানী হবে না, এবং পরবর্তী শুনানীর জন্য একটি দিন ধার্য্য করা হবে। এ ছাড়াও কোর্ট সিদ্ধান্ত নিবে যে, আপনি যখন বিচারের জন্য অপেক্ষা করবেন তখন আপনাকে বেইল বা জামিন প্রদান করা হবে কি না।

আপনি যদি অপরাধটি করে থাকেন, তবে আপনি মামলা চলার যে কোন পর্যায়ে আপনার দোষ স্বীকার করে নিতে পারবেন। তবে যতো তাড়াতাড়ি আপনি এটি করবেন, আপনার দন্ডের ওপর ততো বেশী ছাড় পাবার সম্ভাবনা বেশী হবে। যতো তাড়াতাড়ি দোষ স্বীকার করবেন, শাস্তি কম হওয়ার পরিমাণও ততো বেশী হবে।

আপনার সলিসিটার এ বিষয়ে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করার জন্য পরামর্শ প্রদান করতে সক্ষম হবেন।

মামলার বিচার

আপনার কেইসটি যদি বিচার পর্যায়ে যায়, তবে বাদীপক্ষ আপনার বিরুদ্ধে প্রমাণাদি উপস্থাপন করবেন। আপনি অথবা আপনার সলিসিটার এই প্রমাণগুলোকে চ্যালেঞ্জ করতে সক্ষম হবেন, এবং আপনার নিজস্ব স্বাক্ষ্য প্রমান উপস্থাপন করতে পারেন।

বাদীপক্ষকে প্রমাণ করতে হবে যে আপনি অপরাধটি করেছেন এবং তা হতে হবে 'যুক্তিসংগত সন্দেহের উর্ধ্বে'। তারা যদি আনীত অভিযোগ প্রমাণ করতে পারে করে, তবে আপনাকে অপরাধী হিসেবে সাব্যস্ত করা হবে, এবং তারা যদি তা না করতে পারেন, তবে আপনাকে নির্দোষী সাব্যস্ত করা হবে এবং 'বেকসুর খালাস' প্রদান করা হবে।

ম্যাজিস্ট্রেট কোর্টে, একজন ম্যাজিস্ট্রেট অথবা ডিস্ট্রিক্ট বা জেলা জজ, উপস্থাপিত প্রমাণাদির ওপর ভিত্তি করে সিদ্ধান্ত নিয়ে থাকেন।

ক্রাউন কোর্টে, একটি জুরী সিদ্ধান্ত নিয়ে থাকে। একটি জুরী 12জন লোকের সমন্বয়ে গঠিত হয়ে থাকে, যারা সাধারণ জনগণ-এর প্রতিনিধিত্ব করে থাকেন। আপনি যদি এই জুরীর সদস্যদের কাউকে চিনে থাকেন, তবে আপনি তা কোর্টকে বলবেন, এবং ঐ ব্যক্তিটি সরে দাঁড়াবেন বা নিজেকে প্রত্যাহার করে নিবেন।

জুরী যখন সকল প্রমাণাদি শুনবেন, তার পর তারা সকলে একমত না হওয়া পর্যন্ত, একটি ব্যক্তিগত কক্ষে আলাপ করবেন। তারা যদি একমত না হতে পারেন, তবে জাজ, 10 জন পর্যন্ত জুরী সদস্য একমত হলে, একটি 'ম্যাজোরিটি ভার্ডিক্ট' বা 'সংখ্যাগরিষ্ঠ রায়' গ্রহণ করতে পারেন।

জুরী তাদের সদস্যদের একজনকে 'ফোরম্যান' বা 'প্রধান মুখপাত্র' হিসেবে নির্বাচিত করে থাকেন এবং এই ব্যক্তিটি কোর্টকে জুরীর সিদ্ধান্ত জানিয়ে থাকেন। এটিই রায়। রায় উন্মুক্ত আদালতে সবার শোনার জন্য ঘোষণা করা হয়ে থাকে।

আত্মপক্ষ সমর্থন করে বক্তব্য প্রদান করার পর থেকে মামলার শেষ পর্যন্ত কয়েকটি শুনানী অনুষ্ঠিত হতে পারে, এবং এটি গুরুত্বপূর্ণ যে আপনি এর সবগুলোতে যান।

সেন্টেন্সিং বা শাস্তি প্রদান

আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ যদি সত্য বলে প্রমানিত হয় (অর্থাৎ আপনাকে দোষী সাব্যস্ত করা হয়), তবে আপনাকে হয়তো জেলে পাঠানো হতে পারে, জরিমানা করা হতে পারে অথবা একটি কমিউনিটি দন্ড প্রদান করা হতে পারে। আপনি যদি নিজের দোষ স্বীকার করেন অথবা আপনাকে দোষী সাব্যস্ত করা হয়, তাহলে আপনাকে উপরোক্ত যেকোন একটি শাস্তি প্রদান করা হতে পারে, অথবা সেদিনই মাস্তি প্রদান না পরবর্তী একটি তারিখে শাস্তি প্রদান করার জন্য, আপনাকে পুনরায় কোর্টে ডাকা হতে পারে।

আপনার কেইসটির শুনানী যদি ম্যাজিস্ট্রেট কোর্টে অনুষ্ঠিত হয়ে থাকে, তবে শাস্তি প্রদানের জন্য আপনাকে ক্রাউন কোর্টে পাঠানো হতে পারে।

আপনার জন্য কোন শাস্তিটি উপযুক্ত সে বিষয়ে তাদেরকে সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য, কোর্ট প্রায় ক্ষেত্রেই একটি 'প্রি-সেন্টেন্স' বা 'শাস্তি-পূর্ববর্তী রিপোর্ট' প্রদান করার জন্য নির্দেশ দিয়ে থাকেন। রিপোর্ট তৈরীতে তিন সপ্তাহ পর্যন্ত সময় নিতে পারে এবং এটি একজন প্রবেশন অফিসার কর্তৃক প্রস্তুত করা হয়ে থাকে, যিনি আপনার চাহিদাগুলো মূল্যায়ন করার জন্য আপনার সাথে দেখা করবেন। আপনার নিজের স্বার্থে আপনার এই রিপোর্টটির সাথে সহযোগিতা করা উচিত।

আপনাকে দোষী সাব্যস্ত অথবা দন্ডিত করার বিরুদ্ধে সম্ভাব্য আপীল (রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আবেদন) করার জন্য আপনার সলিসিটার আপনাকে পরামর্শ প্রদান করতে পারেন।

কোর্টের প্রক্রিয়া প্রায় ক্ষেত্রেই দীর্ঘ এবং জটিল হয়ে থাকে। আপনার এবং এর সাথে জড়িত সকলের জন্য এটি সহজ করার জন্য আপনি যা করতে পারেন তা হলো:

- **পরামর্শের জন্য যত দ্রুত সম্ভব একজন সলিসিটারের সাথে সাক্ষাত করা; এবং**
- **নিশ্চিত করা যে আপনি কোর্টে হাজির হচ্ছেন।**

09 আরো তথ্য

সলিসিটার বা আইনজীবি খুঁজে বের করা

আপনার এলাকায় যে সকল সলিসিটার রয়েছেন, তাদের বিষয়ে তথ্য পেতে হলে, আপনি:

- 0845 608 1122 নম্বরে লিগ্যাল সার্ভিসেস্ কমিশনকে ফোন করতে পারেন;
- আপনার স্থানীয় সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরোতে যেতে পারেন;
- কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস্ ডাইরেক্টরী অথবা সলিসিটার এবং ব্যারিস্টারদের ডাইরেক্টরী বা তথ্য সম্বলিত পুস্তিকায় খুঁজে দেখতে পারেন, যেগুলো আপনার স্থানীয় লাইব্রেরীতে গেলে পাওয়া যাবে; অথবা
- www.justask.org.uk ওয়েবসাইট পরিদর্শন করে সেখানে খুঁজে দেখতে পারেন।

যুবক-যুবতীদের জন্য তথ্য

এছাড়াও আপনি www.rizer.co.uk -এ যুবক-যুবতীদের ওপর প্রভাব বিস্তারকারী বা সংশ্লিষ্ট ক্রিমিনাল জাস্টিস বিষয়াদি সংক্রান্ত অন-লাইন গাইড পরিদর্শন করতে পারেন।

সাধারণ তথ্য

আপনার সকল ধরণের অধিকার এবং দায়-দায়িত্ব সম্পর্কে, এবং ক্রিমিনাল জাস্টিস প্রক্রিয়া থেকে আপনি কি আশা করতে পারেন, সে সকল বিষয়ে আরো অধিক তথ্যের জন্য www.cjsonline.org.uk/citizen ওয়েবসাইট পরিদর্শন করুন।

এতে রয়েছে কোর্টে একটি ‘ভার্চুয়াল ভিজিট’ বা ইন্টারনেটে কোর্ট পরিদর্শন করা এবং পুলিশের ইন্টারভিউ থেকে কারাগারে যাওয়া পর্যন্ত সবগুলো বিষয়।

আপনার যদি ইন্টারনেট ব্যবহারের সুযোগ না থাকে, তবে আপনি স্থানীয় লাইব্রেরী অথবা ইন্টারনেট ক্যাফেতে যেতে পারেন।

এ ছাড়াও আপনি আপনার স্থানীয় লিগ্যাল অ্যাডভাইস সেন্টার অথবা সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরো থেকে তথ্য পেতে পারেন।

10 অ্যাপয়েন্টমেন্ট বা পূর্ব নির্ধারিত সাক্ষাতের ডাইরী

অ্যাপয়েন্টমেন্ট এবং কোর্টে উপস্থিতি

যে কোন সলিসিটারের সাথে সাক্ষাত এবং কোর্টে হাজিরার বিষয়গুলো লিখে রাখার জন্য এই জায়গাটুকু ব্যবহার করুন।

তারিখ এবং সময়	বিস্তারিত তথ্য

যোগাযোগের বৃত্তান্ত

গুরুত্বপূর্ণ যোগাযোগের বৃত্তান্ত

আপনার কেসের জন্য আপনার হয়তো প্রয়োজন হতে পারে, সেই সকল নাম এবং ফোন নাম্বারগুলো তালিকাভুক্ত করে লিখে রাখার জন্য এই জায়গাটুকু ব্যবহার করুন।

নাম	যোগাযোগের বৃত্তান্ত
সলিসিটার	
পুলিশ স্টেশন	
কেসের পুলিশ অফিসার	
কোর্ট	